

# কালের কর্ত্তা

আপডেট : ২৪ মার্চ, ২০১৮ ২৩:১৬

রাজশাহীতে কলেজ অধ্যক্ষের পদ থেকে মিনুর স্ত্রীকে বরখাস্ত

 রাজশাহীতে কলেজ অধ্যক্ষের পদ থেকে মিনুর স্তৰীকে বরখাস্ত

রাজশাহীতে মাদারবখস গার্হস্থ্য অর্থনীতি কলেজের অধ্যক্ষ সালমা শাহাদাতকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। তিনি রাজশাহী সিটি করপোরেশনের সাবেক মেয়র ও বিএনপি নেতা মিজানুর রহমান মিনুর স্ত্রী। গতকাল শনিবার কলেজটির পরিচালনা পর্ষদের সভাপতি শফিকুর রহমান বাদশা স্বাক্ষরিত এক চিঠিতে বরখাস্তের এ আদেশ দেওয়া হয়।

সূত্র জানায়, অধ্যক্ষ সালমা শাহাদাতের বিরুদ্ধে বরখাস্তের আদেশে নানা অভিযোগ তুলে ধরা হয়েছে। তিনি কলেজ কর্তৃপক্ষের পরামর্শ, আদেশ, নির্দেশ ও সিদ্ধান্তকে অবমাননা করার পাশাপাশি বিশৃঙ্খলা তৈরি করছেন বলে অভিযোগ করা হয়। অন্যদিকে কলেজের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের সহকারী অধ্যাপিকা মাহমুদা খাতুনকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি ও মহানগর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক শফিকুর রহমান বাদশা বলেন, ‘কলেজে উপাধ্যক্ষ নিয়োগ বিষয়ে পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মানেননি অধ্যক্ষ। এ ছাড়া তিনি কলেজে নানাভাবে

বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছেন। এ কারণে তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইষ্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়ো, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএআর : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : [info@kalerkantho.com](mailto:info@kalerkantho.com)